



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-


৬৬০

তারিখঃ ০৫/৬/২০১৭ খ্রিঃ

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মাগুড়া জেলার শালিখা উপজেলার এআরডিও জনাব দিপ্লাদিত্য সাহা ও বাগেরহাট জেলার চিতলমারি উপজেলার মাঠ সংগঠক জনাব সাগর তরফদার তাদের পূর্ববর্তী কর্মস্থল বরগুনা জেলার আমতলী উপজেলায় কর্মকালীন সময়ে উপজেলার স্থায়ী বাসিন্দা নন এমন সদস্যদের নিয়ে সমিতি গঠন এবং অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণসহ নানা অনিয়ম করায় বর্তমানে ২৪৫১৬৬২.০০/- (চব্বিশ লক্ষ একান্ন হাজার ছয়শত বাষট্টি) টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে; যা তদন্তে সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তা-কর্মচারীকে অনিয়মতান্ত্রিক বিতরণকৃত ঋণের খেলাপীর অর্থ আদায়ের লক্ষ্যে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে তাদের পূর্ববর্তী কর্মস্থল বরগুনা জেলার আমতলী উপজেলায় Loan Recovery Officer/staff হিসেবে সংযুক্ত করে তাদের বেতন-ভাতার ৫০% স্থগিত করা হলো। অনিয়মতান্ত্রিক বিতরণকৃত মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়ের জন্য আগামি আগস্ট/২০১৭ পর্যন্ত সময় প্রদান করা হলো। উক্ত সময়ের মধ্যে তাদের অনিয়মতান্ত্রিক বিতরণকৃত খেলাপী ঋণ আদায়ে ব্যর্থ হলে স্থগিতকৃত বেতন ভাতা সমন্বয়সহ অবশিষ্ট সরকারী অর্থ আদায়ে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণসহ চাকুরী হতে অব্যাহতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। মাগুড়া জেলার শালিখা উপজেলার এআরডিও জনাব দিপ্লাদিত্য সাহা'কে বরগুনা জেলার আমতলী উপজেলায় Loan Recovery Officer হিসেবে সংযুক্ত করায় উক্ত উপজেলার হিসাব সহকারী এআরডিও'র অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। বর্ণিত কর্মকর্তা/কর্মচারীকে আগামী ১৩/৬/২০১৭ খ্রিঃ এর মধ্যে সংযুক্তকৃত উপজেলায় অবস্থান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হল। উল্লেখ্য, বর্ণিত কর্মকর্তা/কর্মচারী বর্তমান কর্মস্থলের বিপরীতে সংযুক্তকৃত উপজেলা আমতলী হতে পূর্ণভরণ প্রক্রিয়ায় বেতন ভাতা গ্রহণ করবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব দিপ্লাদিত্য সাহা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ শালিখা, জেলাঃ মাগুরা।
২. জনাব সাগর তরফদার, মাঠ সংগঠক, (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ চিতলমারি, জেলাঃ বাগেরহাট।
৩. হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ শালিখা/আমতলী, জেলাঃ মাগুরা/ বরগুনা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলাঃ শালিখা/ আমতলী/ চিতলমারি, জেলাঃ মাগুরা/বরগুনা/বাগেরহাট।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শালিখা/ আমতলী/ চিতলমারি, জেলাঃ মাগুরা/বরগুনা/বাগেরহাট।
৬. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুরা/বরগুনা/বাগেরহাট।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১০. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।